


স্কুল কোড ঃ ৪২৩১৫৫
EMIS কোড ঃ ০৬৩১০০৪০৫৩২

# রণিত স্কুল এন্ড কলেজ

## আজিমপুর, ঢাকা - ১২০৫

**ভর্তি চলছে**

# প্রসপেক্টাস
## ২০২৭

"শিক্ষাই আলোর পথ, সফলতার সোপান"

### আমাদের সম্পর্কে

রণিত স্কুল এন্ড কলেজ একটি আধুনিক, মানসম্মত ও নৈতিক শিক্ষার প্রতিষ্ঠান। আমরা বিশ্বাস করি, শিক্ষাই জীবনের প্রকৃত সম্পদ। তাই শিক্ষার্থীদের সার্বিক বিকাশ, নৈতিক মূল্যবোধ, সৃজনশীলতা ও নেতৃত্ব গুণ বিকাশে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

● **শেখো** ● **বড় হও** ● **সফল হও**

### আমাদের বৈশিষ্ট্য

- মানসম্মত শিক্ষা
- শীতাতপ নিয়ন্ত্রিত মাল্টিমিডিয়া ক্লাসরুম
- সহ-পাঠক্রমিক কার্যক্রম
- অভিজ্ঞ ও দক্ষ শিক্ষক
- নৈতিক ও চারিত্রিক গঠন
- সিসি টিভি দ্বারা নিয়ন্ত্রিত নিরাপদ ও আধুনিক পরিবেশ

### আমাদের শিক্ষাক্রম

- প্রাক-প্রাথমিক ● প্রাথমিক শাখা
- ● মাধ্যমিক শাখা
- বাংলা মাধ্যম ● ইংরেজি ভার্সন

"আলোকিত মানুষ গড়ার প্রত্যয়ে"

### আমাদের লক্ষ্য

সুশিক্ষিত, নৈতিক ও দেশপ্রেমিক নাগরিক তৈরি
আধুনিক ও যুগোপযোগী শিক্ষা প্রদান
শিক্ষার্থীদের সৃজনশীলতা ও নেতৃত্ব বিকাশ
সমাজ ও দেশের উন্নয়নে অবদান রাখা


আজিমপুর, ঢাকা-১২০৫ | ০৯৬১১-৪৬২৪৬২| ০১৩২৭-৯০০৯০৮ | ronit.edu.bd | info@ronit.edu.bd


রণিত স্কুল এন্ড কলেজ - আপনার সন্তানের উজ্জ্বল ভবিষ্যতের জন্য

# রনিত স্কুল এন্ড কলেজ এর অনলাইন শিক্ষা সেবা




অনলাইন শিক্ষা সেবা পেতে **Step 1 : ronit.edu.bd - তে Login করুন এবং**
Home Page এ Student & Parents Panel Click করুন




Step 2 : Welcome to Students Portal আসলে User Name হিসেবে
Student's Id এবং Password ব্যবহার করতে হবে।




**Step 3 :** এখানে শিক্ষার্থীর প্রয়োজনীয় তথ্য যেমন Routine, Result, Notice
Detention, Attendance, Home Work, CT Result পেতে সংশ্লিষ্ট মেনুতে ক্লিক করতে হবে।

ভর্তির সাথে সাথে Student এর মোবাইলে User ID Send হবে।




## চেয়ারম্যানের কথা

সম্মানিত শিক্ষানুরাগী অভিভাবক, শিক্ষার্থী, শিক্ষক ও শুভানুধ্যায়ী সকলকে **রণিত স্কুল এন্ড কলেজ** শিক্ষা পরিবারের পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি। বাংলাদেশে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা দিন দিন বৃদ্ধি পেলেও তার সাথে সঙ্গতি রেখে শিক্ষার মানের কোন উন্নতি হচ্ছে না। প্রতিনিয়ত সকল পর্যায়ে ভালো শিক্ষা প্রতিষ্ঠানের অভাব প্রকট হয়ে উঠছে। সেই অভাব পূরণের লক্ষ্যকে সামনে রেখে ২০০৫ সালে প্রতিষ্ঠিত হয় **রণিত স্কুল এন্ড কলেজ** শিক্ষা পরিবার। **রণিত স্কুল এন্ড কলেজ** শিক্ষা পরিবার একটি শিক্ষা সেবা ও জনকল্যাণমূখী স্বনির্ভর প্রতিষ্ঠান। রণিত স্কুল এন্ড কলেজ এ রয়েছে অভিজ্ঞ ও প্রশিক্ষিত শিক্ষকমণ্ডলী যারা অতন্দ্র প্রহরীর মত শিক্ষার্থীদের শিক্ষাদানে নিরলস পরিশ্রম করে যাচ্ছে । এখানে রয়েছে শ্রেণি শিক্ষক, গাইড শিক্ষক, মাল্টিমিডিয়া ক্লাস রুম, পাঠ্যপুস্তক সমৃদ্ধ লাইব্রেরী, কম্পিউটার ল্যাব, উন্নতমানের হ্যান্ডনোট ইত্যাদি সহ সুশিক্ষা অর্জনের জন্য সকল ধরনের ব্যবস্থা। এখানে প্রি-প্রাইমারী স্কুলের শিক্ষার্থীদের Special Child Care Method ( SCCM) এর মাধ্যমে শিক্ষা প্রদান করা হয় এবং দুর্বল শিক্ষার্থীদের জন্য রয়েছে SSP ক্লাসের ব্যবস্থা। এছাড়া এ বছর **রণিত স্কুল এন্ড কলেজ** এ রয়েছে "রণিত ডিজিটাল এডুকেশন" যার মাধ্যমে স্কুলের সকল শিক্ষার্থী ফোন, ই-মেইল, এসএমএস এবং অনলাইন সেবার মাধ্যমে শিক্ষা সেবা নিতে পারবে। শিক্ষা সম্পর্কিত এই সকল উদ্যোগ **রণিত স্কুল এন্ড কলেজ**-কে ইতিমধ্যে একটি ভিন্ন ধারার শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করেছে।

আমরা মনে প্রাণে বিশ্বাস করি, যদি হৃদয়ে সাহস অটুট থাকে পাশাপাশি আপনাদের অকুণ্ঠ সমর্থন যদি পাই তাহলে **রণিত স্কুল এন্ড কলেজ** দেশ-জাতির কল্যাণে এক অনন্য এবং আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে সকলের মনে স্থান অর্জন করতে পারবে। আমরা, আপনারা এবং কোমলমতি শিক্ষার্থী সকলেই গর্ববোধ করব **রণিত স্কুল এন্ড কলেজ** এর একজন সদস্য হিসেবে।

**রণিত স্কুল এন্ড কলেজ** এর সুন্দর ভবিষ্যত অর্জনে আপনাদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

সাগর সাহা

**চেয়ারম্যান**

**রণিত স্কুল এন্ড কলেজ**



## ভাইস চেয়ারম্যানের কথা

শিক্ষার উদ্দেশ্য হচ্ছে ব্যক্তি জীবনে নৈতিক, মানসিক, সাংস্কৃতিক, সামাজিক ও ধর্মীয় মূল্যবোধের প্রতিষ্ঠা। আধুনিক শিক্ষায় শিক্ষিত হিসেবে গড়ে তোলাই শুধু আমাদের উদ্দেশ্য নয়; আদর্শ চরিত্রবান ও মানবিক গুণ সম্পন্ন সংস্কৃতিমনা ও দেশপ্রেমে উজ্জীবিত একজন মানুষ হিসেবে গড়ে তোলাও আমাদের নৈতিক দায়িত্ব।

সম্মানিত অভিভাবকগণ যুগোপযোগী শিক্ষার মাধ্যমে আপনাদের সন্তানকে আধুনিক শিক্ষায় সু-শিক্ষিত করে গড়ে তোলার জন্য **রণিত স্কুল এন্ড কলেজ** এ ভর্তির জন্য আমন্ত্রণ জানাচ্ছি।

প্রিয়, শিক্ষার্থীবৃন্দ, আশা করছি তোমরা এই সুযোগ কাজে লাগিয়ে উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে দেশ ও জাতির জন্য মর্যাদা বয়ে আনবে। তোমাদের আগামী দিনগুলো সুন্দর ও সফল হোক। আমাদের শুভ কামনা ও দোয়া থাকবে তোমাদের সাথে সব সময়। -ইনশাআল্লাহ্

মোঃ নাঈম ভূঁঞা
ভাইস চেয়ারম্যান
রণিত স্কুল এন্ড কলেজ




## প্রধান শিক্ষকের কথা

শিক্ষা মানুষের জন্যে "হয়ে ওঠা" বা বৃদ্ধির এক আশ্চর্য প্রক্রিয়া। আমরা যা হতে চাই তা যে সত্যিই মনে প্রাণে হতে চাই এবং তা হয়ে ওঠার সম্ভাবনা ও শক্তি যে আমাদের রয়েছে, শিক্ষা জীবনে এসে তা উপলব্ধি করার সুন্দর সুযোগ রয়েছে। এ সময়ে আমাদের মনে অসংখ্য জিজ্ঞাসা এসে ভিড় করে। এই জিজ্ঞাসার উত্তর খুঁজে পাওয়াই শিক্ষার্থীর জীবনের সার্থকতা। **রণিত স্কুল এন্ড কলেজ** এর সকল কোমলমতি শিক্ষার্থীদের সার্বিক শিক্ষা সেবার মাধ্যমে তাদের সুন্দর ও সার্থক জীবন গড়তে দৃঢ় প্রতিজ্ঞ।

আমাদের সকল কার্যক্রমে আপনাদের গঠনমূলক সমালোচনা, উৎসাহ এবং সহযোগিতা আশা করছি।

কোহিনুর সিদ্দিক
প্রধান শিক্ষক
রণিত স্কুল এন্ড কলেজ



সবুজ আজিজ
সহকারী প্রধান শিক্ষক

**ভর্তি সম্পর্কিত যে কোন তথ্য ও পরামর্শের জন্য যোগাযোগ করুন**

**রণিত স্কুল এন্ড কলেজ**

ভর্তি ও তথ্য কেন্দ্র ঃ ১৫/এ আজিমপুর রোড, ঢাকা-১২০৫, মোবাঃ ০১৩২৭-৯০০৯০৮



প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর উপ-সচিব কর্তৃক স্কুল পরিদর্শণ



মাধ্যমিক উচ্চ মাধ্যমিক থানা শিক্ষা অফিসার মহোদয়কে সংবর্ধনা




ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য
প্রফেসর ড. সহিদ আক্তার হোসেন স্যার মহোদয়কে সংবর্ধনা




শিক্ষকবৃন্দ







## নতুন সংযোজন
## Ronit E School

রণিত -ই- স্কুলের মাধ্যমে

একজন শিক্ষার্থী

বাসায় বসে অনলাইনে ক্লাস ও

পরীক্ষার সুযোগ পাবে।

যা প্রাইভেট টিচারের বিকল্প

হিসেবে কাজ করবে।

## ভর্তি পদ্ধতি ঃ

- স্কুলের নির্ধারিত ফরমে ভর্তি ইচ্ছুক প্রার্থীকে আবেদন করতে হবে।
- স্কুলের অফিস কক্ষ থেকে প্রতিদিন সকাল ৮.০০টা থেকে রাত ৮.০০ টার মধ্যে ২০০/= টাকার বিনিময়ে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে।
- ফরমের সাথে শিক্ষার্থীর, পিতা ও মাতার দুই কপি পাসপোর্ট সাইজের ছবি এবং শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সার্টিফিকেটের ফটোকপিসহ পিতা মাতার NID CARD এর ফটোকপি জমা দিতে হবে।

## সহশিক্ষা কার্যক্রম

১. কম্পিউটার ক্লাব
২. সায়েন্স ক্লাব
৩. ল্যাঙ্গুয়েজ ক্লাব
৪. স্পোর্টস ক্লাব
৫. কালচার সেন্টার
৬. টুরিষ্ট ক্লাব
৭. রাইটার ক্লাব
৮. ডিবেট ক্লাব
৯. আবৃত্তি ক্লাব
১০. ম্যাথ ক্লাব

## বিশেষ সেবা

১. প্রাথমিক চিকিৎসা
২. গাইড শিক্ষক ব্যবস্থা
৩. কম্পিউটার ল্যাব
৪. পরীক্ষার সময় কোন শিক্ষার্থী অসুস্থ হলে Sick Bed ফ্রি
৫. বিভিন্ন খেলাধুলার উপকরণ
৬. রণিত ডিজিটাল এডুকেশন সাপোর্ট
৭. লাইব্রেরী

## বিভিন্ন প্রকার স্কলারশিপ

১. অন্য কোন প্রতিষ্ঠানের শিক্ষকদের ছেলে মেয়েদের জন্য ভর্তি ফি-তে ৩০% স্কলারশিপ।
২. দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীদের জন্য বিশেষ স্কলারশিপ (প্রমাণ সাপেক্ষে)।
৩. সহোদরের ক্ষেত্রে বিশেষ ছাড়ের ব্যবস্থা আছে।








# বিভিন্ন শ্রেণির সম্ভাব্য বয়স ও ক্লাসের সময়সূচী

## ক্লাসের সময়সূচী (বাংলা মাধ্যম)

| শ্রেণি | বয়স | প্রভাতী শাখা | | | | দিবা শাখা | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পদ্মা | | মেঘনা | | বেলী | | জুঁই | |
| | | স্কুলে প্রবেশের শেষ সময় | ক্লাসের সময় | স্কুলে প্রবেশের শেষ সময় | ক্লাসের সময় | স্কুলে প্রবেশের শেষ সময় | ক্লাসের সময় | স্কুলে প্রবেশের শেষ সময় | ক্লাসের সময় |
| প্লে গ্রুপ (মৃত্তিকা) | ৩ বছর+ | ৭:৫০ | ৮:০০-০৯:৫৫ | ৮:৫০ | ৯:০০-১০:৫৫ | ১০:২০ | ১০:৩০-১২:৩০ | ১১:২০ | ১১:৩০-০১:২৫ |
| নার্সারী (অংকুর) | ৪ বছর+ | ৭:৫০ | ৮:০০-১০:০০ | ৮:৫০ | ৯:০০-১১:০০ | ১০:২০ | ১০:৩০-১২:৩৫ | ১১:২০ | ১১:৩০-০১:৩০ |
| কেজি (কিশলয়) | ৫ বছর+ | ৭:৫০ | ৮:০০-১০:০৫ | ৮:৫০ | ৯:০০-১১:০৫ | | | ১১:২০ | ১১:৩০-০১:৩৫ |

| | | প্রভাতী শাখা | | দিবা শাখা | |
|---|---|---|---|---|---|
| | | স্কুলে প্রবেশের শেষ সময় | ক্লাসের সময় | স্কুলে প্রবেশের শেষ সময় | ক্লাসের সময় |
| প্রথম | ৬ বছর+ | ৭:৫০ | ৮:০০-১১:০০ | ১১:৪০ | ১১:৫০-২:৪০ |
| দ্বিতীয় | ৭ বছর+ | ৭:৫০ | ৮:০০-১১:৩০ | ১১:৪০ | ১১:৫০-২:৪০ |
| তৃতীয় | ৮ বছর+ | ৭:৫০ | ৮:০০-১১:৩০ | | |
| চতুর্থ | ৯ বছর+ | ৭:৫০ | ৮:০০-১১:৩০ | | |
| পঞ্চম | ১০ বছর+ | ৭:৫০ | ৮:০০-১১:৩০ | | |
| ষষ্ঠ | ১১ বছর+ | ৭:৫০ | ৮:০০-১২:১০ | | |
| সপ্তম | ১২ বছর+ | ৭:৫০ | ৮:০০-১২:১০ | | |
| অষ্টম | ১৩ বছর+ | ৭:৫০ | ৮:০০-১২:১০ | | |
| নবম | ১৪ বছর+ | ৭:৫০ | ৮:০০-১২:১০ | | |
| দশম | ১৫ বছর+ | ৭:৫০ | ৮:০০-১২:১০ | | |

## Class Time (English Version)

| Class | Age | Day | | | |
|---|---|---|---|---|---|
| | | NEPTUNE | | PLUTO | |
| | | ENTRY TIME | CLASS TIME | ENTRY TIME | CLASS TIME |
| PLAY | 3+ | 07:50 | 8:00-10.00 | 10:20 | 10:30-12:30 |
| NURSERY | 4+ | | | 10:20 | 10:30-12:35 |
| KG | 5+ | 07:50 | 8:00-10.05 | | |
| ONE | 6+ | 07:50 | 8:00-10.50 | | |
| TWO | 7+ | 07:50 | 8:00-10.50 | | |
| THREE | 8+ | 07:50 | 8:00-11.30 | | |
| Four | 9+ | 07:50 | 8:00-11.30 | 11:40 | 11:50-2:40 |
| Five | 10+ | | | 11:40 | 11:50-2:40 |

বিঃ দ্রঃ শীতকালীন সময়ে প্রভাতী শাখার ক্লাস নির্ধারিত সময়ের ১৫ মিনিট পরে শুরু হবে।

## ভর্তি, সেশন ফি ও মাসিক বেতন (বাংলা মাধ্যম) ঃ

| শ্রেণি | ভর্তি ও সেশন ফি | মাসিক বেতন | ভর্তির সময় সর্বমোট প্রদেয় |
|---|---|---|---|
| প্লে গ্রুপ হতে দশম | 10,000/= | 1400/=(+অনলাইন চার্জ) | 11,400/= |

## Admission & Tuition Fee (English Version)

| Class | Admission Fee | Tuition Fee | Total |
|---|---|---|---|
| Play to Five | 12,000/= | 1,600/= (+ Online Charge) | 13,600/= |

# পাঠদান পদ্ধতি



আধুনিক মানসম্মত সায়েন্স ল্যাব



টেবিল টেনিস খেলায় মগ্ন শিক্ষার্থীরা



শিক্ষার্থীদের জন্য Fun World



কম্পিউটার ল্যাব



Roof Top Play Ground

**একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী পাঠদান ঃ** এ পদ্ধতিতে সিলেবাসকে একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী প্রতি বছরকে সাময়িক পরীক্ষার অনুসারে ভাগ করে পাঠ পরিকল্পনা করা হয়। পাঠ পরিকল্পনানুযায়ী প্রতিদিনের ক্লাস পরিচালিত হয়ে থাকে।

**পাঠ পরিকল্পনা ঃ** প্রত্যেকটি ক্লাস পূর্ব নির্ধারিত একটি নিখুঁত পরিকল্পনা অনুযায়ী গ্রহণ করা হয়। ক্লাসের নির্ধারিত সময়ে শিক্ষক ও শিক্ষিকাগণ কী বিষয় কোন পদ্ধতিতে পাঠদান ও মূল্যায়ন করবেন পাঠ পরিকল্পনায় তা নির্ধারণ করা থাকে।

**প্রতিদিন গুরুত্বপূর্ণ বিষয়ের ক্লাস ঃ** সাধারণত প্রচলিত ব্যবস্থায় কোন শিক্ষা প্রতিষ্ঠানে একদিনে সকল বিষয়ের ক্লাস অনুষ্ঠিত হয় না। কিন্তু এখানে প্রতিটি বিষয়কে সমান গুরুত্ব দিয়ে রুটিন অনুসারে ক্লাস নেয়া হয়।

**এসএসপি (Supervisory Study Program) ঃ** নির্ধারিত ক্লাসের বাইরে অপেক্ষাকৃত দুর্বল এবং কম মেধাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য প্রচলন করা হয়েছে এই বিশেষ কর্মসূচী। প্রাইভেট টিচিং-এর বিকল্প হিসেবে এ কর্মসূচী দুর্বল কিংবা স্বল্প আয়ের পরিবার থেকে আগত শিক্ষার্থীদের জন্য বিশেষ কার্যকর। মেধাবীদের জন্য আরো বেশি উপযোগী।

**অডিও-ভিজ্যুয়াল শিক্ষা মাধ্যম ঃ** প্রচলিত লেকচার পদ্ধতি ছাড়াও প্রজেক্টর, এলইডি টিভি মনিটর কম্পিউটার, সিডি-ভিসিডিসহ বিভিন্ন আধুনিক প্রযুক্তির ব্যবহারের কারণে শিক্ষা পদ্ধতি হয় আনন্দময় এবং আকর্ষণীয়।

**মেকআপ ক্লাস ঃ** হরতাল, অসুস্থতা অথবা বিশেষ কোন কারণে শিক্ষার্থী কোন দিন অনুপস্থিত থাকলে, অনুপস্থিত শিক্ষার্থীকে মেকআপ ক্লাস করানো হয়।

**শ্রেণি শিক্ষক ও গাইড শিক্ষক ঃ** প্রত্যেক ক্লাসের জন্য একজন শ্রেণি শিক্ষক ও গাইড শিক্ষক থাকেন। তারা সার্বক্ষণিকভাবে শিক্ষার্থীদের পর্যবেক্ষণ করেন এবং যে কোনো সমস্যায় শিক্ষার্থীদের পাশে থেকে দ্রুত সমাধানের ব্যবস্থা করেন।

**সহশিক্ষা কার্যক্রম ঃ** সপ্তাহে একদিন কম্পিউটার ল্যাব, গান, আবৃত্তি, ছবি আঁকা ও নাচ এর ক্লাস করানো হয়।

# আরও যে সকল বিষয়ে খেয়াল রাখা হয়

- Feedback ক্লাসের মাধ্যমে প্রতিদিনের পড়া আদায়।
- Special Child Care Method (SCCM) অনুসারে প্রি- প্রাইমারী ও প্রাইমারী স্তরের শিক্ষার্থীদের শিক্ষাদান।
- সমৃদ্ধ লাইব্রেরী ও অত্যাধুনিক কম্পিউটার ল্যাব সুবিধা।
- প্রতিটি বিষয়ের উপর নিজস্ব পদ্ধতিতে উদ্ভাবিত উন্নতমানের Hand Notes প্রদান।
- সকল বিষয়ে সর্বোচ্চ পারদর্শিতা অর্জনের লক্ষ্যে সাপ্তাহিক, মাসিক, ত্রৈমাসিক ও সেমিস্টার পরীক্ষার ব্যবস্থা।
- Term এর Report Card প্রদানকালে অভিভাবকদের সাথে মত বিনিময়ের ব্যবস্থা এবং বিভিন্ন বিষয়ের উপর নিয়মিত সেমিনারের আয়োজন।
- সকল ছাত্র-ছাত্রীর জন্য স্পোকেন ইংলিশ এবং কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক।
- সকল বিভাগের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের বৃত্তি প্রদান।
- নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও টিকাদান কর্মসূচির আয়োজন।
- CC TV ক্যামেরা ও পর্যাপ্ত নিরাপত্তারক্ষী দ্বারা সার্বক্ষণিক নিরাপত্তা পর্যবেক্ষণ।
- সার্বক্ষণিক নিজস্ব জেনারেটর ব্যবস্থা।
- সকল শিক্ষার্থীর জন্য রয়েছে গেমস্ রুমের ব্যবস্থা।

## বেতন সংক্রান্ত নিয়মাবলী

বিকাশসহ মোবাইল ব্যাংকিং, যে কোন ব্যাংকের ডেবিট অথবা ক্রেডিড কার্ড এবং মোবাইল ওয়ালেট এর মাধ্যমে প্রতি মাসের ০১-১০ তারিখের মধ্যে বর্তমান মাসের টিউশন ফি-সহ অন্যান্য ফি প্রদান করতে হবে।

প্রতি মাসের টিউশন ফি নির্ধারিত সময়ে প্রদান করতে হবে অন্যথায় ৫০ টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।

## ছুটি সংক্রান্ত নিয়মাবলী

নিয়মানুযায়ী প্রত্যেক শিক্ষার্থীকে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে হলে কমপক্ষে ৯০% ক্লাসে উপস্থিত থাকতে হবে। যেহেতু শিক্ষার্থীদের বাইরে প্রাইভেট পড়তে হয় না, সেহেতু তাদের স্কুলে উপস্থিত থাকা অত্যন্ত জরুরী। তাই ছুটি রোধকল্পে স্কুল কর্তৃপক্ষ নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছেন ঃ

১. জরুরী প্রয়োজনে যে দিন স্কুলে অনুপস্থিত থাকবে সে দিন সকাল ৭:৪৫ মিঃ এর পূর্বে শ্রেণি শিক্ষককে অবহিত করতে হবে। পরবর্তী দিনে উপস্থিত হয়ে অভিভাবকের স্বাক্ষর সহ আবেদন পত্র শ্রেণি শিক্ষকের নিকট জমা দিতে হবে।

২. উক্ত নিয়মের বাহিরে ছুটি কাটালে জরিমানা ধার্য করা হবে।

### অভিভাবকদের প্রতি অনুরোধ

১. ছাত্র-ছাত্রীর ফাইলে উল্লিখিত আপনাদের ঠিকানা ও ফোন নম্বর কোন কারণে পরিবর্তন হলে তা দ্রুত স্কুল কর্তৃপক্ষকে অবহিত করুন।

২. স্কুল কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ রাখুন, ক্লাস ভিত্তিক গ্রুপে অ্যাকটিভ থাকুন এবং প্রয়োজনে শ্রেণি শিক্ষক, গাইড শিক্ষকের সাথে যোগাযোগ রাখুন।

৩. প্রতিনিয়ত শিক্ষার্থীর লেখাপড়ার খোঁজ খবর নিলে তারা সতর্ক থাকে ও লেখাপড়ায় উৎসাহী হয়।

৪. কোন ছাত্র/ছাত্রী বাসায় ফিরতে বিলম্ব করলে তাৎক্ষণিকভাবে স্কুল কর্তৃপক্ষকে অবহিত করুন এবং প্রয়োজনীয় সাহায্য নিন। ০১৩২৭৯০০৯০৮

৫. ছাত্র/ছাত্রীর আচরণে কোন সমস্যা থাকলে কিংবা বাসায় নিয়মিত লেখাপড়া না করলে অথবা আপনাদের বা সন্তানের ব্যক্তিগত কোন সমস্যা থাকলে দ্রুত তা সমাধান করে ফেলুন। প্রয়োজন মনে হলে স্কুল কর্তৃপক্ষের সহায়তা নিন।

৬. ছাত্র/ছাত্রীর কোন অপরাধমূলক কাজ গোপন না রেখে তা দ্রুত সংশোধনের ব্যবস্থা নিন। অন্যথায় আপনার সন্তানের ভবিষ্যৎ নষ্ট হবে।

৭. স্কুল থেকে যে কোন প্রয়োজনে আহ্বান জানানো হলে দ্রুত সহযোগিতা করুন। Parents মিটিং-এ পিতা বা মাতা কমপক্ষে-একজনকে উপস্থিত থাকতে হবে।

৮. ছাত্রদের চুল ছোট রাখা, পোশাক পরিচ্ছন্ন রাখা, ধূমপান থেকে বিরত থাকা, নিয়মিত লেখাপড়া করা, সময় মত স্কুলে আসা ও স্কুল থেকে বাসায় ফেরা- এ সব বিষয়গুলোর প্রতি লক্ষ্য রাখুন। সন্তানকে ভাল ফলাফল অর্জনে সব সময় উৎসাহিত করুন।

### পোশাক-পরিচ্ছদ

- স্কুল নির্ধারিত ইউনিফর্মের এক সেট কাপড় (ক্রয় যোগ্য), স্কুল নির্ধারিত টাই স্কুল হতে ক্রয় করতে হবে।
- I.D কার্ড স্কুল থেকে প্রদান করা হবে।
- স্কুল অফিস হতে ছাত্র এবং ছাত্রীর জন্য পৃথক ক্যাটালগ প্রদান করা হবে।
- ইউনিফর্ম অবশ্যই স্কুল নির্ধারিত ক্যাটালগ অনুসারে হতে হবে।

# পরীক্ষা পদ্ধতি

## পাক্ষিক পরীক্ষা

১. ১৫ দিনে একদিন পাক্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।
২. পাক্ষিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে তা পুনরায় গ্রহণ করা হবে না।

## শ্রেণি পরীক্ষা

১. প্লে থেকে ৫ম শ্রেণি পর্যন্ত দুইটি সাময়িক ও বার্ষিক পরীক্ষার পূর্বে একটি করে শ্রেণি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
২. ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত অর্ধবার্ষিক ও বার্ষিক পরীক্ষার পূর্বে একটি করে শ্রেণি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৩. শ্রেণি পরীক্ষায় অনুপস্থিত থাকলে তা পুনরায় গ্রহণ করা হবে না।

**তাৎক্ষণিক পরীক্ষা (সারপ্রাইজ টেস্ট)**

**সপ্তাহে যে কোন দিন যে কোন বিষয়ে তাৎক্ষণিক পরীক্ষা হয়।**

## সাময়িক ও অর্ধবার্ষিক পরীক্ষা

১. প্রতিটি বার্ষিক পরীক্ষার পূর্বে প্রাথমিক পর্যায় পর্যন্ত দুইটি সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
২. মাধ্যমিক পর্যায় শ্রেণির ক্ষেত্রে বার্ষিক পরীক্ষার পূর্বে অর্ধবার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।
৩. সাময়িক ও অর্ধবার্ষিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে কোন অবস্থাতেই পুনরায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেনা।
৪. সাময়িক ও অর্ধবার্ষিক পরীক্ষার পূর্বে পরীক্ষার ফি (৮০০/=), সমুদয় বকেয়া টিউশন ফি ও জরিমানা (যদি থাকে) পরিশোধ সাপেক্ষে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কেউ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

## বার্ষিক পরীক্ষা

১. এই পরীক্ষায় কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে কিংবা অকৃতকার্য হলে তাকে প্রমোশন দেয়া হয় না।
২. বার্ষিক পরীক্ষার পূর্বে পরীক্ষার ফি (৮০০/=), সমুদয় বকেয়া টিউশন ফি ও জরিমানা (যদি থাকে) পরিশোধ সাপেক্ষে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কেউ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৩. বার্ষিক পরীক্ষার পর পরীক্ষার ফলাফল, ক্লাসের উপস্থিতি, আচার-আচরণ প্রভৃতি বিষয় বিবেচনা করে প্রতি ক্লাসে ৩ জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হবে।
৪. বার্ষিক পরীক্ষার পর অভিভাবকদের উপস্থিতিতে ফলাফল প্রকাশ করা হয়। অভিভাবক দিবসে পিতামাতা উভয়কে উপস্থিত থাকতে হবে। পিতামাতা/আইনানুগ অভিভাবক ব্যতীত কোন শিক্ষার্থীর ফলাফল প্রকাশ করা হবে না।

## প্রি-টেস্ট, টেস্ট ও মডেল টেস্ট

১. ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রি-টেস্ট, টেস্ট ও মডেল টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হবে।
২. যে কোন বোর্ড পরীক্ষার পূর্বে সকল বিষয়ের উপরে টেস্ট পরীক্ষা অনুষ্ঠিত হয়।
৩. মডেল টেস্ট: সকল বিষয়ের উপর পূর্ণ নম্বরের একাধিক মডেল টেস্ট অনুষ্ঠিত হয়। বিশেষ ক্ষেত্রে কোন বিষয়ে যে সকল শিক্ষার্থী দুর্বল থাকে সে বিষয়ে মডেল টেস্টের ব্যবস্থা থাকে।
৪. প্রি-টেস্ট, টেস্ট ও মডেল টেস্ট পরীক্ষার পূর্বে পরীক্ষার ফি (প্রতিষ্ঠান নির্ধারিত), সমুদয় বকেয়া টিউশন ফি ও জরিমানা (যদি থাকে) পরিশোধ সাপেক্ষে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কেউ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

## অন্যান্য

১. স্কুলের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী প্রতিটি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
২. পরীক্ষার সময় স্কুল কর্তৃক নির্ধারিত প্লাস্টিক ব্যাগে কলম, পেন্সিল, ক্যালকুলেটর, ইরেজার, স্কেল নিয়ে আসতে হবে। পরীক্ষা কক্ষে অন্যের কাছে এ সব উপকরণ ধার নেয়া বা দেয়া যাবে না।
৩. প্রত্যেক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। অসুস্থ থাকলে **Sick Bed** -এ পরীক্ষা দিতে হবে।
৫. পরীক্ষায় অসদুপায় (নকল করা, অন্যের খাতা দেখে লেখা, খাতা বদল করা, বেঞ্চে লেখা, সাপ্তাহিক পরীক্ষার খাতায় বাসা থেকে লিখে আনা) অবলম্বন করলে তাৎক্ষণিক স্কুল থেকে বহিষ্কার করা হবে।

## পূর্বের উল্লেখিত সুযোগ সুবিধাগুলো ছাড়াও
## রণিত স্কুল এন্ড কলেজ এর শিক্ষার্থীরা আরো যে সকল সুযোগ সুবিধা পাবে

১. কম্পিউটারাইজড স্ট্যান্ডার্ড লেকচার শিট, কোর্স প্লান, সিলেবাস, সাজেশন ও হ্যান্ডনোট প্রদান করা হয়।

২. ক্লাসরুমে মাল্টিমিডিয়া প্রজেক্টর, স্মাট বোর্ড, হোয়াইট বোর্ডের মাধ্যমে অল্প সময়ে অনেক বেশি অধ্যায় বোঝানোর অত্যাধুনিক ব্যবস্থা।

৩. আধুনিক সাজে সজ্জিত ক্লাসরুমে অডিও, ভিডিও, সাউন্ড সিস্টেম, নেটওয়ার্ক ও পিএবিএক্স কানেকশনসহ আধুনিক সুযোগ সুবিধা।

৪. প্রতিটি ক্লাসরুম স্ট্যান্ডার্ড সিট ক্যাপাসিটি এবং আধুনিক সাজে সু-সজ্জিত।

৫. প্রতিটি ফ্লোরে টিচার্স রুম এবং ফ্লোর ইনচার্জ -এর মাধ্যমে নিয়ম-শৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণ।

৬. দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী দ্বারা অধ্যয়নের ব্যবস্থা।

৭. একজন গাইড শিক্ষকের অধীনে ১৫-২০ জন শিক্ষার্থীকে সার্বক্ষণিক নিবিড়ভাবে তত্ত্বাবধান করা হয়। এছাড়াও প্রত্যেক শ্রেণির জন্য একজন শ্রেণি শিক্ষক রয়েছে।

৮. শিক্ষকগণের শিক্ষা প্রদানের দক্ষতা মূল্যায়নের জন্য ছাত্র-ছাত্রীদের বিশেষ অভিমত গ্রহণ করা হয়।

৯. প্রত্যেক শিক্ষার্থীর ক্লাসে ৯০% উপস্থিতি বাধ্যতামূলক ও সকল পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর পেতে সহযোগিতা করা।

১০. ফলাফলের ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের বিষয়ভিত্তিক দুর্বলতা দূরীকরণের লক্ষ্যে ছাত্র-শিক্ষক-অভিভাবকের সমন্বিত উদ্যোগ গ্রহণ।

১১. নির্ধারিত একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী ক্লাস পরিচালনা। হরতাল/অবরোধ বা প্রাকৃতিক দুর্যোগের কারণে কোন ক্লাস বন্ধ থাকলে পরবর্তী সময়ে শুক্রবার ও অন্যান্য ছুটির দিন অতিরিক্ত ক্লাসের মাধ্যমে তা পূরণ করা।

১২. প্রতিযোগিতা ও সেবামূলক কাজে নিয়মিত অংশগ্রহণের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সুনাগরিক হিসেবে গড়ে তোলা।

১৩. শিক্ষার মানোন্নয়নে অভিভাবকদের ও বিশেষজ্ঞদের সুচিন্তিত মতামত গুরুত্ব সহকারে মূল্যায়ন করা হয়।

১৪. বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রমের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের নেতৃত্বের গুণাবলি অর্জন ও সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ রয়েছে।

১৫. নির্ধারিত ক্লাসের পর প্রাইভেট কোচিং-এর বিকল্প হিসেবে (SSP) সুবিধা।

১৬. কোন শিক্ষার্থী ক্লাসে অনুপস্থিত থাকলে তাৎক্ষণিক অভিভাবকদের সঙ্গে ফোনে যোগাযোগ করে অনুপস্থিতির কারণ অনুসন্ধান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ।

১৭. ছাত্র ছাত্রীদের জন্য স্বতন্ত্র কমনরুম ও টয়লেট ব্যবস্থা। শিক্ষক ও শিক্ষার্থীদের নামাজের সুব্যবস্থা।

১৮. ছাত্র ছাত্রীদের জন্য বাধ্যতামূলক ইংলিশ প্রশিক্ষণ, কম্পিউটার ট্রেনিং ও ইন্টারনেট সুবিধা।

১৯. মূল্যায়ন সভা, বিতর্ক প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতার আয়োজন।

২০. অভিজ্ঞ চিকিৎসক দ্বারা নিয়মিত মেডিকেল চেক আপ এবং ফার্স্ট এইড এর ব্যবস্থা।

২১. অভিভাবকদের জন্য বিশ্রাম কক্ষ।

২২. স্কুল ক্যাম্পাসে বিশুদ্ধ পানির ব্যবস্থা।

২২. Arts and Crafts এর মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ পাবে।

# প্রাক্-প্রাথমিক শিক্ষা

## উদ্দেশ্য ও লক্ষ্য

শিশুদের জন্য আনুষ্ঠানিক শিক্ষা শুরু করার আগে প্রয়োজনীয় মানসিক ও দৈহিক প্রস্তুতি গ্রহণের পরিবেশ তৈরী করা প্রয়োজন। তাই তাদের জন্য বিদ্যালয়ে প্রস্তুতিমূলক প্রাক্-প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা জরুরি। অন্যান্য শিশুর সঙ্গে একত্রে এই প্রস্তুতিমূলক শিক্ষা শিশুর মধ্যে শিক্ষার প্রতি আগ্রহ সৃষ্টিতে সহায়ক হবে। কাজেই ৩+ বছর বয়স্ক শিশুদের জন্য প্রাক্-প্রাথমিক শিক্ষা চালু করা। এই পর্যায়ে শিক্ষাক্রম হবে ঃ

১. শিক্ষা ও বিদ্যালয়ের প্রতি শিশুর আগ্রহ সৃষ্টিমূলক এবং সুকুমার বৃত্তির অনুশীলন।
২. অন্যদের প্রতি সহনশীলতা এবং পরবর্তী আনুষ্ঠানিক শিক্ষার জন্য শৃঙ্খলাবোধ সম্পর্কে ধারণা পাওয়া।

## কৌশল ঃ

১. অন্যান্য গ্রহণযোগ্য উপায়ের সঙ্গে ছবি, রং, নানা ধরনের সহজ আকর্ষণীয় শিক্ষা উপকরণ, মডেল, হাতের কাজের সাথে সাথে ছড়া, গল্প, গান ও খেলার মাধ্যমে প্রাক-প্রাথমিক শিক্ষাদানের ব্যবস্থা করা।

২. শিশুদের স্বাভাবিক অনুসন্ধিৎসা ও কৌতূহলের প্রতি শ্রদ্ধাশীল থেকে তাদের স্বাভাবিক প্রাণশক্তি ও উচ্ছাসকে ব্যবহার করে আনন্দময় পরিবেশে মমতা ও ভালোবাসার সাথে শিক্ষা প্রদান করা। শিশুদের সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে যেন তারা কোনভাবেই কোন রকম শারীরিক ও মানসিক অত্যাচারের শিকার না হয়।

৩. সকল ধর্মের শিশুদেরকে ধর্মীয়জ্ঞান, অক্ষরজ্ঞান সহ আধুনিক শিক্ষা ও নৈতিকতা শিক্ষা প্রদানের কর্মসূচি প্রাক-প্রাথমিক শিক্ষার অংশ হিসেবে গণ্য করা।

# প্রাথমিক শিক্ষা

## উদ্দেশ্য ও লক্ষ্য ঃ

জাতীয় জীবনে প্রাথমিক শিক্ষার গুরুত্ব অত্যধিক। দেশের সব মানুষের শিক্ষার আয়োজন এবং জনসংখ্যাকে দক্ষ করে তোলার ভিত্তিমূল প্রাথমিক শিক্ষা। শিক্ষার এই স্তর পরবর্তী সকল স্তরের ভিত্তি সৃষ্টি করে বিধায় যথাযথ মানসম্পন্ন উপযুক্ত প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা অপরিহার্য। প্রাথমিক শিক্ষার পর অনেকে কর্মজীবন আরম্ভ করে বলে মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা তাদের যথেষ্ট সহায়ক হতে পারে।

১. বিদ্যালয়ের আনন্দময় অনুকূল পরিবেশ তৈরি করে শিশুদের শারীরিক ও মানসিক সুরক্ষার ব্যবস্থা করা।
২. শিশুর মনে ন্যায়বোধ, কর্তব্যবোধ, শৃঙ্খলা, শিষ্টাচারবোধ, অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গি, মানবাধিকার, সহনশীল জীবন যাপনের মানসিকতা, কৌতূহল, প্রীতি, সৌহার্দ্য, অধ্যবসায় ইত্যাদি নৈতিক ও আত্মিক গুণাবলী অর্জনে সহায়তা করা এবং তাকে বিজ্ঞান ও সংস্কৃতিমনস্ক করা এবং কুসংস্কারমুক্ত মানুষ হিসেবে গড়ে উঠতে উৎসাহিত করা।
৩. শিক্ষার্থীর যথাযথ মানসম্পন্ন নিজ স্তরের প্রান্তিক দক্ষতা নিশ্চিত করে তাকে উচ্চতর ধাপের শিক্ষা গ্রহণে উৎসাহী এবং উপযোগী করে তোলা।
৪. শিক্ষার্থীকে জীবনযাপনের জন্য আবশ্যকীয় জ্ঞান, বিষয়ভিত্তিক দক্ষতা, জীবন-দক্ষতা, দৃষ্টিভঙ্গি, মূল্যবোধ, সামাজিক সচেতনতা অর্জনের মাধ্যমে মৌলিক শিখন চাহিদা পূরণে সমর্থ করা এবং পরবর্তী স্তরের শিক্ষা লাভের উপযোগী করে গড়ে তোলা।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা

মাধ্যমিক স্তরে শিক্ষা শেষে শিক্ষার্থীরা সামর্থ্য অনুযায়ী উচ্চ শিক্ষার বিভিন্ন ধারায় যায়, নয়তো অর্জিত বৃত্তিমূলক শিক্ষার ভিত্তিতে বা আরো বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে জীবিকার্জনের পথে যাতে সুদৃঢ় অবস্থান নিতে পারে তার ব্যাপারে সহায়তা করা।

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার উদ্দেশ্য ও লক্ষ্য ঃ

১. শিক্ষার্থীর অন্তর্নিহিত মেধা ও সম্ভাবনার পরিপূর্ণ বিকাশে সাহায্য করা।
২. কর্মজগতে অংশগ্রহণের জন্য, বিশেষ করে দেশের অর্থনৈতিক ক্ষেত্রে, একটি পর্যায়ের প্রয়োজনীয় দক্ষতাসম্পন্ন ব্যক্তিরূপে শিক্ষার্থীকে তৈরি করা।
৩. মানসম্পন্ন শিক্ষাদান করে প্রাথমিক স্তরে প্রাপ্ত মৌলিক জ্ঞান সম্প্রসারিত ও সুসংহত করা। এর ফলে শিক্ষার্থীদের মধ্যে মানসম্পন্ন উচ্চ শিক্ষার ভীত শক্ত হবে।
৪. শিক্ষাকে ব্যাপক ভিত্তিক করার লক্ষ্যে মাধ্যমিক শিক্ষার উপর জোর দেওয়া, শ্রমের প্রতি শিক্ষার্থীদেরকে শ্রদ্ধাশীল ও আগ্রহী করে তোলা এবং শিক্ষার স্তর নির্বিশেষে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হওয়ার জন্য বৃত্তিমূলক শিক্ষায় দক্ষতা অর্জনে সমর্থ করা।

## হাতের লেখা / চিত্রাংকন ক্লাস



## প্রাক-প্রাথমিক শিক্ষার্থীদের মজার ক্লাস



# সহ-শিক্ষা কার্যক্রম



বিতর্ক চর্চা



নাচের অনুশীলন


সংগীত চর্চা


বিজ্ঞানাগার



কম্পিউটার ল্যাব



পাঠাগার



গেমস্ রুম


গেমস্ রুম



ক্রাফ্‌ট এর কাজ


গেমস্ রুম



গেমস্ রুম



গেমস্ রুম

# বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৬



# যেমন খুশি তেমন সাজো-২০২৬
























# সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৬

























# গণিত উৎসব-২০২৬












# ফুটবল/ক্রিকেট চ্যাম্পিয়নশীপ-২০২৬


















# লুডু, দাবা ও ক্যারম চ্যাম্পিয়নশীপ ২০২৬







# বিজ্ঞান মেলা ২০২৬
























## ক্লাস পার্টি










## ফল উৎসব











# রণিত স্কুল ডায়েরীর পাতা থেকে


















# রণিত স্কুল ডায়েরীর পাতা থেকে

























বার্ষিক
মিলাদ মাহফিল












Ronit School & College
KNOWLEDGE IS POWER
ATTENDANCE
EXCELLENCE AWARD

English
Spelling
Contest-2026
বাংলা
বানানের



Ronit School & College
ESTD-2010
KNOWLEDGE IS POWER